



শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব - ২০২০

বিষয়ঃ বাংলা (দুখুর ছেলেবেলা)

লেখকচার শীট -১

তারিখঃ ১১/০৭/২০২০

- শিক্ষার্থীরা 'দুখুর ছেলেবেলা' গল্পটির ১ম অংশ (গ্রামের নাম - কাঠবিড়ালি হতাম) পর্যন্ত পড়বে ও বুঝবে।

মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ

পাড়া - এলাকা

কিশোর ছেলে - বালকের চেয়ে বড় বয়সের ছেলে

ঝাঁকড়া চুল - ঘন চুল

বনে - বাদাড়ে - বন - জঙ্গলে

তালপুকুর - যে পুকুরের পাড়ে অনেক তালগাছ আছে।

টলটলে পানি - পরিষ্কার পানি

গাছপালায় ঘেরা - অনেক গাছ আছে এমন জায়গা

গরমের সময় - গ্রীষ্মকালে

ডাঁশা ডাঁশা - পাকা ও কাঁচার মাঝামাঝি

শাখায় শাখায় - ডালে ডালে

তরতর করে - তাড়াতাড়ি করে

- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।

মূলশব্দ দিয়ে প্রশ্নঃ

১। দুখুর গ্রামের নাম কী? উত্তরঃ চুরুলিয়া।

২। দুখু কাদের সাথে খেলা করে? উত্তরঃ পাড়ার ছেলেদের সাথে।

- ৩। কার মাথায় ঝাঁকড়া চুল? উত্তরঃ দুখুর মাথায়।
- ৪। দুখুর চোখ দুটো কেমন ছিল? উত্তরঃ বড় বড়।
- ৫। দুখু কোথায় ঘুরে বেড়ায়? উত্তরঃ বনে বাদাড়ে।
- ৬। দুখু কোথায় সাঁতার কাটে? উত্তরঃ তালপুকুরের পানিতে।
- ৭। তালপুকুরের পানি কেমন? উত্তরঃ টলটলে।
- ৮। চুরুলিয়া গ্রাম কিসে ঘেরা? উত্তরঃ গাছপালায় ঘেরা।
- ৯। গাছে গাছে কী ডাকে? উত্তরঃ পাখি ডাকে।
- ১০। দুখুর ঘুম ভাঙে কীভাবে? উত্তরঃ পাখির ডাকে।
- ১১। সবুজ গ্রামে কখন নানা রকম ফল পাকে? উত্তরঃ গ্রমের সময়।
- ১২। সবুজ পাতার মধ্যে কী ? উত্তরঃ ডাঁশা ডাঁশা পেয়ারা।
- ১৩। কাঠবিড়ালি কোথায় ঘুরে বেড়ায়? উত্তরঃ গাছের শাখায় শাখায়।

- শিক্ষার্থীরা গল্প থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে।

যুক্তবর্ণঃ

গ্র = গ + র ফলা - গ্রাম, গ্রহ

- শিক্ষার্থী নিজের ভাষায় গল্পটির প্রথম অংশ বলবে।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী